১.৭ اسم تفضيل তুলনামূলক ডিগ্রী এবং সর্বোচ্চ ডিগ্রী [Comparatives and Superlatives]

১.৭.১ সংজ্ঞা এবং প্যাটার্নসমূহ

দুই বা ততোধিক সত্তা'র তুলনা করার জন্য একটি তুলনামূলক ডিগ্রী শব্দ ব্যবহার করা হয়ে থাকে। ইংরেজীতে তুলনামূলক ডিগ্রী'র শব্দগুলো'র শেষে সাধারণত "-er" থাকে, অথবা "more" শব্দটি ব্যবহার করা হয়ে থাকে। বাংলায় তুলনামূলক ডিগ্রী'র শব্দগুলো'র শেষে সাধারণত "তর" থাকে, অথবা "অধিকতর" বা "অধিক" বা "চেয়ে" শব্দটি ব্যবহৃত হয়। যেমন: সে আমার চেয়ে বুদ্ধিমান, সে তার ভাই এর চেয়ে অধিকতর সৎ।

কোনো একটি বিষয়/কিছু বা ব্যক্তি যখন কোনো একটি গুণের শীর্ষ পর্যায় ধারণ করে তখন তা প্রকাশে সর্বোচ্চ ডিগ্রী শব্দ ব্যবহার করা হয়ে থাকে। ইংরেজীতে সর্বোচ্চ ডিগ্রী'র শব্দগুলো'র শেষে সাধারণত "-est" থাকে, অথবা "most / least" শব্দটি ব্যবহার করা হয়ে থাকে। বাংলায় সর্বোচ্চ ডিগ্রী'র শব্দগুলো'র শেষে সাধারণত "তম" থাকে, অথবা/এবং "সবচেয়ে" শব্দটি ব্যবহৃত হয়।
যেমন: আমার গাড়ীটি দুনিয়া'র সবচেয়ে দ্রুততম গাড়ী। ক্লাশের মধ্যে সে সবচেয়ে বুদ্ধিমান ছাত্র।

আরবীতে, তুলনামূলক ডিগ্রী শব্দ এবং সর্বোচ্চ ডিগ্রী শব্দ, দুটিই **اسم تفضيل** (ইসম তাফদিল) এর বিভিন্ন ধরনের ব্যবহারে ব্যক্ত হয়ে থাকে ।

তুলনামূলক ডিগ্রী শব্দ: ক্রিয়ামূল থেকে শব্দগুলো তৈরী হয়ে থাকে। এই শব্দগুলো **أَفْعَلُ** প্যাটার্ন অনুসরণ করে। এগুলো আংশিক নমনীয়। পূরুষবাচক এবং স্ত্রীবাচক শব্দ হিসেবে একই শব্দ ব্যবহৃত হয়।

সর্বোচ্চ ডিগ্রী শব্দ: এই শব্দগুলো'র শুরুতে অবশ্যই **ال** থাকবে। পূরুষবাচক সর্বোচ্চ ডিগ্রী'র শব্দগুলো তুলনামূলক ডিগ্রী'র শব্দগুলো'র সামনে **ال** যুক্ত করে তৈরী হয়, অতএব সেগুলো সম্পূর্ন নমনীয়। স্ত্রীবাচক সর্বোচ্চ ডিগ্রী'র শব্দগুলো **الفُعْلَىٰ** প্যাটার্ন অনুসরণ করে, এগুলো অনমনীয় কারণ শব্দগুলো'র শেষে **ألف** বা **ألف مقصورة** রয়েছে।

উদহারণ এবং অনুশীলন: নিচের টেবিলে খালি ঘরগুলো পূরণ করুণ এবং প্রদত্ত অর্থের ভিত্তিতে ডিগ্রী শব্দগুলো'র অর্থ লিখুন:

ক্রিয়ামূল	তুলনামূলক ডিগ্রী (পূরুষ/স্ত্রী)	সর্বোচ্চ ডিগ্রী (পূরুষবাচক)	সর্বোচ্চ ডিগ্রী (স্ত্রীবাচক)
ج م ل pretty সুন্দর	أَجْمَلُ prettier সুন্দরতর	الأَجْمَلُ the prettiest সুন্দরতম	الجُمْلىٰ the prettiest সুন্দরতম
ص غ ر small ছোট	أَصْغَرُ smaller অপেক্ষাকৃত ছোট	الأَصْغَرُ the smallest সবচেয়ে ছোট	الصُغْرىٰ the smallest সবচেয়ে ছোট
ك ب ر big বড়	أَكْبَرُ bigger অপেক্ষাকৃত বড়	الأَكْبَرُ the bigest সবচেয়ে বড়	الكُبْرىٰ the bigest সবচেয়ে বড়
ع ظ م great মহান	أَعْظَمُ greater অপেক্ষাকৃত মহান	الأَعْظَمُ the greatest সবচেয়ে মহান	العُظْمَىٰ the greatest সবচেয়ে মহান
ك ث ر a lot অনেক			
ح س ن excel ছাপাইয়া যাওয়া			
ك ر م generousউদার			
ع ل و high উচ্চ	أَعْلى higher অপেক্ষাকৃত উঁচু	الأَعْلىthe highest সবচেয়ে উঁচু	العُلْيا the highest সবচেয়ে উঁচু
ه د ي guideপথ প্রদর্শন			
سوء to be bad মন্দ হওয়া	أَسْوَأُ worse অপেক্ষাকৃত বেশী মন্দ	الأَسْوَأُ the worse সবচেয়ে মন্দ	السُوْأَىٰ the worse সবচেয়ে মন্দ
ش د د intense তীব্র	أَسَدُّ more intense তীব্রতর	الأَشَدُّ the most intense তীব্রতম	الشُّدّىٰ the most intense তীব্রতম
ق ل ل little ক্ষুদ্র			
ي س ر easy সহজ			

خَيْرٌ এবং **شَرٌّ** সংক্রান্ত বিশেষ নোট: এই দুটি শব্দ ইসম তাফদিল যদিও এগুলো আলোচিত প্যাটার্ন অনুসরণ করে না এবং এগুলো সম্পূর্ণ নমনীয়।

কুর'আন থেকে তুলনামূলক ডিগ্রী এবং সর্বোচ্চ ডিগ্রী শব্দের উদহারণ:

اقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ ৯৬:০৩ পড়ো! আর তোমার প্রভু মহাসম্মানিত --

وَجَعَلَ كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَىٰ ۗ وَكَلِمَةُ اللَّـهِ هِيَ الْعُلْيَا ۗ وَاللَّـهُ عَزِيزٌ حَكِيمٌ ৯:৪০ আর যারা অবিশ্বাস পোষণ করেছিল তাদের কথাবার্তাকে হেয় করেছিলেন। আর আল্লাহ্‌র বাণী -- তা হচ্ছে উচ্চতম। আর আল্লাহ্‌ হচ্ছেন মহাশক্তিশালী, পরমজ্ঞানী।

اللَّـهُ لَا إِلَـٰهَ إِلَّا هُوَ ۖ لَهُ الْأَسْمَاءُ الْحُسْنَىٰ ২০:৮ আল্লাহ্‌, তিনি ছাড়া অন্য উপাস্য নেই। তাঁরই হচ্ছে সব সুন্দর সুন্দর নামাবলী।

ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِينَ أَسَاءُوا السُّوأَىٰ ৩০:১০ অতঃপর তাদের পরিণাম হয়েছিল মন্দ যারা মন্দ কাজ করেছিল,

لِّلرِّجَالِ نَصِيبٌ مِّمَّا تَرَكَ الْوَالِدَانِ وَالْأَقْرَبُونَ ৪:৭ পিতা-মাতা ও আত্নীয়-স্বজনদের পরিত্যক্ত সম্পত্তিতে পুরুষদেরও অংশ আছে

ইসম তাফদিল এর বহুবচনের উপর নোট:

পূরুষবাচক ইসম তাফদিল এর বহুবচনে স্বাভাবিক শেষাংশ থাকতে পারে: **أفعلون** অথবা এটি **أَفاعِلُ** প্যাটার্ন অনুসরণ করে। যেমন:

وَمَا نَرَاكَ اتَّبَعَكَ إِلَّا الَّذِينَ هُمْ أَرَاذِلُنَا ১১:২৭ আর আমাদের মধ্যে যারা ইতর ও স্থুল-বুদ্ধিসম্পন্ন তারা ব্যতীত কাউকে তো আপনার আনুগত্য করতে দেখি না

قَالُوا أَنُؤْمِنُ لَكَ وَاتَّبَعَكَ الْأَرْذَلُونَ ২৬:১১১ তারা বলল, আমরা কি তোমাকে মেনে নেব যখন তোমার অনুসরণ করছে ইতরজনেরা?

স্ত্রীবাচক ইসম তাফদিল এর বহুবচনে স্বাভাবিক শেষাংশ থাকতে পারে: **الفُعلَياتُ** অথবা এটি **فُعَلٌ** প্যাটার্ন অনুসরণ করে। যেমন:

إِنَّهَا لَإِحْدَى الْكُبَرِ ৭৪:৩৫ নিশ্চয় জাহান্নাম গুরুতর বিপদসমূহের অন্যতম,

১.৭.২ তুলনা করার জন্য اسم تفضيل এর ব্যবহার

اسم تفضيل এর একটি সাধারণ ব্যবহার হলো দুইটি সত্তা'র মধ্যে তুলনা করা, সাধারণত **مِنْ** অব্যয় ব্যবহার করে তা করা হয়। যখন ইসম তাফদিল এর সাথে **مِنْ** অব্যয় ব্যবহার করা হয় তখন **مِنْ** এর অর্থ করা হয় "চেয়ে"।
কুরআন থেকে কিছু উদহারণ দেখা যাক:

وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ ৫০:১৬ আমরা তার গ্রীবাস্থিত ধমনী থেকেও অধিক নিকটবর্তী।

وَ: عاطفة. نَحْنُ: مبتدأ. أَقْرَبُ: خبر. إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ: خار ان و مجرور ان متعلق ان ب"أقرب"

জরুরী নোট: অনেক সময় **اسم تفضيل** কে **فعل** এর মতো দেখায়। প্রেক্ষাপট ব্যবহার করে এই দুই এর মধ্যে পার্থক্য নির্ধারণ করতে হয় অন্যথায় অনুবাদটি ভুল হয়।

অনুশীলন: নিচের উদহারণগুলো লক্ষ করুন এবং হাইলাইটেড শব্দগুলো কি ইসম তাফদিল না ফি'ল তা নির্ধারণ করুণ এবং অনুবাদ করুন:

أُبَلِّغُكُمْ رِسَالَاتِ رَبِّي وَأَنصَحُ لَكُمْ وَأَعْلَمُ مِنَ اللَّـهِ مَا لَا تَعْلَمُونَ ৭:৬২ "আমি তোমাদের কাছে পৌঁছে দিই আমার প্রভুর বাণীসমূহ এবং আমি তোমাদের সদুপদেশ দিই, কারণ আমি আল্লাহ্‌র কাছ থেকে জানি যা তোমরা জানো না।

قُلْ أَأَنتُمْ أَعْلَمُ أَمِ اللَّـهُ ২:১৪০ বলো -- "তোমরা কি বেশি জানো, না আল্লাহ্?

وَأَحْسِن كَمَا أَحْسَنَ اللَّـهُ إِلَيْكَ ২৮:৭৭ আর ভাল কর যেমন আল্লাহ্ তোমার ভাল করেছেন,

قَالَ أَنَا خَيْرٌ مِّنْهُ خَلَقْتَنِي مِن نَّارٍ وَخَلَقْتَهُ مِن طِينٍ ৭:১২ সে বললে -- "আমি তার চাইতে শ্রেষ্ঠ, আমাকে তুমি আগুন দিয়ে সৃষ্টি করেছ, আর তাকে তুমি সৃষ্টি করেছ কাদা দিয়ে।''

وَمَنْ أَضَلُّ مِمَّنِ اتَّبَعَ هَوَاهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللَّـهِ ২৮:৫০ আর কে বেশী পথভ্রান্ত তার চাইতে যে তার খেয়াল-খুশির অনুসরণ করে আল্লাহ্‌র কাছ থেকে পথনির্দেশ ব্যতিরেকে ?

১.৭.৩ اسم تفضيل এর আলঙ্কারিক ব্যবহার

এখন পর্যন্ত ইসম তাফদিল এর মৌলিক ব্যবহারগুলো আলোচনা করা হয়েছে। এখন আমরা এর আলঙ্কারিক ব্যবহারগুলো বোঝার চেষ্টা করবো।

১) যখন দুটি জিনিষ তুলনা করা হয় তখন তাদের দুই এরই একই গুণ বিদ্যমান থাকতে পারে, কিন্তু একটি'র উক্ত গুণটি বেশী আছে বলে উল্লেখ করা হয়। যেমন আহমদ জায়েদ এর চেয়ে দ্রুততর। এটি অর্থ এই নয় যে জায়েদ ধীর, বরং দুইজনেরই দ্রুত গুণটি রয়েছে কিন্তু আহমদ দ্রুততর। কুরআন থেকে উদহারণ:

يَا بَنِي آدَمَ قَدْ أَنزَلْنَا عَلَيْكُمْ لِبَاسًا يُوَارِي سَوْآتِكُمْ وَرِيشًا ۖ وَلِبَاسُ التَّقْوَىٰ ذَٰلِكَ خَيْرٌ ৭:২৬ হে আদম-সন্তানগণ! আমরা তোমাদের জন্য নিশ্চয়ই পোশাক পাঠিয়েছি তোমাদের লজ্জা ঢাকবার ও বেশভূষার জন্য। আর ধর্মপরায়ণতার পোশাক -- তাই সর্বশ্রেষ্ঠ।

২) উপরের ধারণাটি'র উল্টো বিষয়টিও হতে পারে। জান্নাত হলো উত্তম বিশ্রামের জায়গা জাহান্নাম থেকে। জাহান্নামে ভালো কোনো কিছু নেই।

أَصْحَابُ الْجَنَّةِ يَوْمَئِذٍ خَيْرٌ مُّسْتَقَرًّا وَأَحْسَنُ مَقِيلًا ২৫:২৪ স্বর্গোদ্যানের বাসিন্দারা সেদিন পাবে উৎকৃষ্ট বাসস্থান ও সুন্দরতর বিশ্রামস্থল।

৩) أحب অথবা أحسن টার্ম গুলো দুটি মন্দ জিনিসের মধ্যে কম মন্দটি নির্দেশে ব্যবহার হতে পারে:

قَالَ رَبِّ السِّجْنُ أَحَبُّ إِلَيَّ مِمَّا يَدْعُونَنِي إِلَيْهِ ১২:৩৩ তিনি বললেন -- "আমার প্রভু! তারা আমাকে যার প্রতি আহ্বান করছে তার চেয়ে কারাগারই আমার কাছে অধিক প্রিয়।

৪) অনেকসময় এটি তুলনা করার জন্য ব্যবহার করা হয় না, বরং কোনো একটি গুণকে উৎসাহিত করার জন্য ব্যবহৃত হয়।

وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ حَتَّىٰ يَبْلُغَ أَشُدَّهُ ৬:১৫২ "আর এতীমের সম্পত্তির কাছে যেও না যা শ্রেষ্ঠতর সেই উদ্দেশ্য ব্যতীত, যে পর্যন্ত না সে তার সাবালকত্বে পৌঁছে।

وَقُل لِّعِبَادِي يَقُولُوا الَّتِي هِيَ أَحْسَنُ ১৭:৫৩ আর আমার বান্দাদের বল যে তারা যেন কথা বলে যা সর্বোৎকৃষ্ট।

ادْفَعْ بِالَّتِي هِيَ أَحْسَنُ السَّيِّئَةَ ২৩:৯৬ যা শ্রেষ্ঠ তাই দিয়ে মন্দ বিষয় প্রতিরোধ করো।

وَجَادِلْهُم بِالَّتِي هِيَ أَحْسَنُ ১৬:১২৫ আর তাদের সাথে পর্যালোচনা কর এমনভাবে যা শ্রেষ্ঠ।

১.৭.৪ সর্বোচ্চ ডিগ্রী হিসেবে اسم تفضيل এর ব্যবহার

ইতিপূর্বে আলোচিত হয়েছে যে, ইসম তাফদিল কে তুলনামূলক ডিগ্রী অথবা সর্বোচ্চ ডিগ্রী তৈরিতে ব্যবহার করা যায়। ال ব্যবহারের মাধ্যমে সবচেয়ে সহজে সর্বোচ্চ ডিগ্রী'র অর্থ তৈরী করা যায়। যেমন **الأكبر** এবং **الكبرى** এর অর্থ "সবচেয়ে বড়"।

আরো তিনটি গঠনে সর্বোচ্চ ডিগ্রী শব্দ তৈরী করা যেতে পারে। এই সব গঠনে **اسم تفضيل** কে **مضاف** হিসেবে ব্যবহার করা হয়। প্রথম গঠনে **مضاف إليه** কে হতে হবে একবচন এবং অনির্দিষ্ট। দ্বিতীয় গঠনে **مضاف إليه** হবে বহুবচন এবং নির্দিষ্ট । তৃতীয় গঠনে **مضاف إليه** হবে একবচন এবং নির্দিষ্ট। প্রথম এবং দ্বিতীয় পদ্ধতি প্রায় একই রকম অর্থ প্রদান করে। তৃতীয় পদ্ধতিতে একটি সম্পূর্ণ কিছু'র কিছু অংশকে সতন্ত্রকরণে ব্যবহৃত হয়।

এখন কিছু উদহারণ দেখা যাক:

সি ১: একবচন এবং অনির্দিষ্ট **সি ২:** বহুবচন এবং নির্দিষ্ট **সি ৩:** একবচন এবং নির্দিষ্ট

সি ১: সবচেয়ে বড় শহরটি أَكْبَرُ مَدِينَةٍ **সি ২:** শহরগুলো'র মধ্যে সবচেয়ে বড় أَكْبَرُ الْمُدُنِ

সি ১: সবচেয়ে ভাল বইটি أَحْسَنُ كِتابٍ **সি ২:** বইগুলো'র মধ্যে সবচেয়ে ভালো أَحْسَنُ الْكُتُبِ

সি ৩: বইটির মধ্যে সবচেয়ে ভালো অংশ أَحْسَنُ الْكِتابِ (বইটি'র একটি অংশকে সতন্ত্র করছে)

সি ৩: পর্বতটির সবচেয়ে নীচের অংশ أَدْنا الْجَبَلِ (পর্বতটি'র একটি অংশকে সতন্ত্র করছে)

সি ১: একবচন এবং অনির্দিষ্ট এর উদহারণ কুরআন থেকে:

وَكَانَ الْإِنسَانُ أَكْثَرَ شَيْءٍ جَدَلًا ১৮:৫৪ আর মানুষ বেশির ভাগ ক্ষেত্রেই বিতর্কপ্রিয়।

لَقَدْ خَلَقْنَا الْإِنسَانَ فِي أَحْسَنِ تَقْوِيمٍ ৯৫:৪ সুনিশ্চয় আমরা মানুষকে সৃষ্টি করেছি শ্রেষ্ঠ-সুন্দর আকৃতিতে।

উপরের উদহারণটিতে লক্ষ্য করুন যে **أحسن** শব্দটি **كسرة** নিয়েছে। স্মরণ করুন যে যখন আংশিক নমনীয় ইসমগুলো মুদাফ হয় তখন তারা সম্পূর্ণ নমনীয় হয়ে যায়।

সি ২: বহুবচন এবং নির্দিষ্ট এর উদহারণ কুরআন থেকে:

نَحْنُ نَقُصُّ عَلَيْكَ أَحْسَنَ الْقَصَصِ ১২:৩ আমরা তোমার কাছে এই কুরআন প্রত্যাদেশের দ্বারা তোমার নিকট শ্রেষ্ঠ কাহিনী বর্ণনা করছি।

وَإِنَّ أَوْهَنَ الْبُيُوتِ لَبَيْتُ الْعَنكَبُوتِ ২৯:৪১ অথচ নিঃসন্দেহ সবচেয়ে ঠুনকো বাসা হচ্ছে মাকড়সারই বাসা,

وَأَنتَ خَيْرُ الْغَافِرِينَ ৭:১৫৫ কারণ তুমিই পরিত্রাণকারীদের মধ্যে সর্বোত্তম।

وَأَنتَ أَرْحَمُ الرَّاحِمِينَ ২১:৮৩ আর তুমিই তো দয়াশীলদের মধ্যে পরম করুণাময়।

وَأَنتَ خَيْرُ الْوَارِثِينَ ২১:৮৯ আর তুমি উত্তরাধিকারীদের মধ্যে সর্বশ্রেষ্ঠ।

সি ৩: একবচন এবং নির্দিষ্ট (সম্পূর্নের একটি অংশ সতন্ত্রীকরণ) এর উদহারণ কুরআন থেকে:

فِي أَدْنَى الْأَرْضِ ৩০:৩ জমিনের মধ্যে সর্বনিম্ন স্থানে....

إِنَّ هَذَا الْقُرْآنَ يَقُصُّ عَلَىٰ بَنِي إِسْرَائِيلَ أَكْثَرَ الَّذِي هُمْ فِيهِ يَخْتَلِفُونَ ২৭:৭৬ নিঃসন্দেহ এই কুরআন ইসরাইলের বংশধরদের কাছে যে-সব বিষয়ে তারা মতভেদ করে তার অধিকাংশই বিবৃত করে দিয়েছে।

অনুশীলন: এখন পর্যন্ত ইসম তাফদিল সংক্রান্ত অর্জিত জ্ঞানের ভিত্তিতে নীচের আয়াতগুলো অনুবাদ করুন:

فَتَبَارَكَ اللَّهُ أَحْسَنُ الْخَالِقِينَ ২৩:১৪ সেইজন্য আল্লাহ্‌রই অপার মহিমা, কত শ্রেষ্ঠ এই স্রষ্টা!

لِيَجْزِيَهُمُ اللَّهُ أَحْسَنَ مَا كَانُوا يَعْمَلُونَ ৯:১২১ যেন আল্লাহ্ তাদের পুরস্কার দিতে পারেন তারা যা করে যাচ্ছিল তার চেয়ে উত্তম। Allah may reward them for the best of what they were doing.

أَدْخِلُوا آلَ فِرْعَوْنَ أَشَدَّ الْعَذَابِ ৪০:৪৬ "ফিরআউনের লোকদের প্রবেশ করাও কঠোরতম শাস্তিতে।' '

إِنَّ أَنكَرَ الْأَصْوَاتِ لَصَوْتُ الْحَمِيرِ ৩১:১৯ নিঃসন্দেহ সমস্ত আওয়াজের মধ্যে সর্বাপেক্ষা কর্কশ হচ্ছে গাধারই আওয়াজ।

কুরআনিক পর্যবেক্ষণ

ثُمَّ رَدَدْنَاهُ أَسْفَلَ سَافِلِينَ ৯৫:৫ তারপর আমরা তাকে পরিণত করি হীনদের মধ্যে হীনতমে, -

Then we returned him to the lowest of the low

লক্ষ্য করুণ যে, উপরের আয়াতে ইসম তাফদিলটি আলোচিত তিনটি গঠনের একটিও অনুসরণ করেনি। প্রত্যাশিত শব্দমালা হতে পারতো أَسْفَلَ السافلين (২ নং গঠন, যেখানে مضاف إليه হয় বহুবচন এবং নির্দিষ্ট)। যা হউক এখানে مضاف إليه টি বহুবচন এবং অনির্দিষ্ট।

এই আয়াতে এই কাঠামো কেন ব্যবহার করা হয়েছে সে সংক্রান্ত বেশ কিছু মতামত রয়েছে, যা আমরা এখানে আলোচনা করবো না। তবে কুরআনীয় আরবী'র একজন ছাত্র/ছাত্রী প্রশংসা করতে পারেন কিভাবে এই কাঠামোটি কুরআন এবং এর ভাষা'র ছাত্র/ছাত্রী'র মনোযোগ আকর্ষন করবে যা তাকে আরো গবেষণায় উদ্ভুদ্ধ করবে এই আয়াতের সূক্ষ্ম তারতম্য (Nuances) আবিস্কারে ।

أفضل رجل এবং أفضل الرجال এর মধ্যে পার্থক্য কি?

যখন মুদাফ ইলাহিটি হয় একবচন এবং অনির্দিষ্ট তখন এটি কারো মধ্যে মানুষের মধ্যে সবচেয়ে শ্রেষ্ট গুণগুলো থাকা নির্দেশ করে, কিন্তু পৃথিবী'র শ্রেষ্ট মানুষটিকে নির্দেশ করে না ফলে তার চেয়ে অপেক্ষাকৃত ভালো মানুষ থাকার সম্ভবনা থেকে যায়।

যখন মুদাফ ইলাহিটি হয় বহুবচন এবং নির্দিষ্ট তখন এটি সবচেয়ে শ্রেষ্ট মানুষটিকে নির্দেশ করে, এবং তার চেয়ে উত্তম কেউ নেই প্রকাশ করে।

সে (স্ত্রী-বাচক) ক্লাশের মধ্যে শ্রেষ্ট ছাত্রী, তার চেয়ে উত্তম কেউ নেই : هِيَ أَفْضَلُ الطَّالِبَاتِ فِي الفَصْلِ

তার (স্ত্রী-বাচক) মধ্যে সবচেয়ে উত্তম ছাত্রী'র গুণগুলো রয়েছে : هِيَ أَفْضَلُ طَالِبَةٍ فِي الفَصْلِ